

বাংলাদেশ

বাবা-মেয়ে দুজনই থ্যালাসিমিয়া রোগী, ওদের বাঁচাতে এগিয়ে আসুন

বিজ্ঞাপন বার্তা



‘স্কুলের বান্ধবীরা বলে, তোর রক্ত নিতে ব্যথা লাগে না? আমি প্রায়ই হাসিমুখে বলি, না।’ বলছিল ১৩ বছরের ইসরাত। বাবার সঙ্গে হাসপাতালে এসেছে সে। তার বাবাও একজন থ্যালাসেমিয়া রোগী। দুজনকেই প্রতি মাসে এক ব্যাগ করে রক্ত নিতে হয়। সাধারণত বাবা-মেয়ে একসঙ্গে হাসপাতালে চিকিৎসা নিতে আসেন।

ইসরাত পড়ছে পঞ্চম শ্রেণিতে। জন্মের পর থেকেই নিজের এবং বাবার থ্যালাসেমিয়া রোগের সঙ্গে বেড়ে ওঠা। থ্যালাসেমিয়া রোগটাই যেন তাঁদের জীবনে স্বাভাবিক। বাবা প্রায়ই ওষুধ খেতে ভুলে যান। একটু বুঝতে শেখার পর থেকেই ইসরাত নিজের এবং বাবার-দুজনেরই স্বাস্থ্যের খেয়াল রাখে।

ইসরাতের বাবা এমদাদুল হক নীলফামারীতে বসবাস করেন। স্থানীয় একটি হার্ডওয়্যার দোকানের বিক্রেতা। থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালের একজন নিয়মিত রোগী। ২০০৮ সাল থেকে এই হাসপাতালে তিনি চিকিৎসা নিচ্ছেন। বিয়ের আগে তাঁকে স্ত্রীর রক্ত পরীক্ষা করার পরামর্শ দিয়েছিলেন চিকিৎসকেরা। কিন্তু বিয়ে ভেঙে যাওয়ার

ভয়ে স্ত্রীর রক্ত পরীক্ষা করার কথা বলতে পারেননি তিনি। তাঁর স্ত্রীও একজন থ্যালাসেমিয়ার বাহক হওয়ায় একমাত্র মেয়ে ইসরাত থ্যালাসেমিয়া রোগী হয়ে জন্মায়।

বাবা-মেয়ের চিকিৎসার জন্য প্রতি মাসে যে টাকা খরচ হয় তা এমদাদুলের একার আয়ে চালানো সম্ভব হয়ে ওঠে না। অর্থসংকট থাকলে এমদাদ চেষ্টা করেন নিজের আগে মেয়ের চিকিৎসা করতে। বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন দুজনকেই জাকাত ফান্ড থেকে বিনা মূল্যে চিকিৎসা দেওয়ার ব্যবস্থা করেছে।

এই পরিবারটির মতো হাজারো থ্যালাসেমিয়া রোগীর চিকিৎসার ধারাবাহিকতা রক্ষা করতে প্রতিবছর জাকাত সংগ্রহ করছে থ্যালাসেমিয়া ফাউন্ডেশন। এই উদ্যোগকে শুরু থেকেই সহযোগিতা করছে প্রথম আলো।

তাই আহ্বান, আপনার জাকাত বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশনের ‘জাকাত ফান্ডে’ দান করুন।

১. ব্যাংক অ্যাকাউন্টের নাম : বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড)

অ্যাকাউন্ট নং : ১০৮১১০০০৩৭৭০৩, ডাচ-বাংলা ব্যাংক, শান্তিনগর শাখা, ঢাকা।

অন্যান্য ব্যাংকে অ্যাকাউন্টের তালিকা দেখতে ভিজিট করুন : thals.org/banks

২. অনলাইনে ভিসা, মাস্টারকার্ড বা আমেরিকান এক্সপ্রেস কার্ডের মাধ্যমে দান করতে ভিজিট করুন :

www.thals.org/zakat

৩. বিকাশ/নগদ/উপায় মার্চেন্ট নম্বর : ০১৭২৯২৮৪২৫৭

(মেন্যুর ‘পেমেন্ট’ অপশন ব্যবহার করে কাউন্টার নম্বরে ‘০’ দিন)

ফাউন্ডেশনের জাকাত ফান্ড সম্পর্কে আরও জানতে ভিজিট করুন : www.thals.org/zakat-for-life

দাতারা প্রতিষ্ঠানে গিয়েও থ্যালাসেমিয়া রোগীদের চিকিৎসার জন্য জাকাত দান করতে পারবেন। ঠিকানা : ৩০

চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭।

ফোন : ০২-৮৩৩২৪৮১, ০১৭৫৫-৫৮৭৪৭৯



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো